

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার  
\*\*\*\*\*

স-৩০৩৩  
আগরতলা, ৭ ডিসেম্বর, ২০১৭

সদর মহকুমায় ইভিএম ও ভিভিপ্যাট ব্যবহার বিষয়ে প্রশিক্ষণ কর্মসূচী

সদর মহকুমায় ই ভি এম এবং ভিভিপ্যাট ব্যবহার সম্পর্কিত বিষয়ে দ্বিতীয় পর্যায়ে সচেতনতামূলক প্রশিক্ষণ কর্মসূচী আগামী ১১ ডিসেম্বর থেকে শুরু হচ্ছে। মহকুমার ৮টি বিধানসভা নির্বাচনী ক্ষেত্রের মধ্যে ৮-টাউন বড়দোয়ালী বিধানসভা নির্বাচনী ক্ষেত্রের ভোটারদের ১১ ডিসেম্বর বাণী বিদ্যাপীঠ এইচ.এস স্কুল এবং তথ্য ও সংস্কৃতি দপ্তরের প্রধান কার্যালয়ে (গান্ধীঘাট) সকাল ১০টা ৩০ মিনিট থেকে দুপুর ১২টা ৩০ মিনিট পর্যন্ত যথাক্রমে ১ থেকে ৯, ১০ থেকে ২৩ এবং ৫১-৫৬ নং ভোট গ্রহণ কেন্দ্রের ভোটারদের এবং ড. বি আর আশ্বদকর হাই স্কুল ও বড়দোয়ালী এইচ এস স্কুলে দুপুর ১টা থেকে বিকেল ৫টা পর্যন্ত ২৪ থেকে ৩৬ এবং ৩৭ থেকে ৫০ নং ভোট গ্রহণ কেন্দ্রের ভোটারদের সচেতনতা মূলক প্রশিক্ষণ দেয়া হবে।

১২ ডিসেম্বর ৭-রামনগর বিধানসভা নির্বাচনী ক্ষেত্রের বিজয় কুমার এইচ এস স্কুল ও বর্ডার বাজারে সকাল ১০টা ৩০ মিনিট থেকে দুপুর ১২টা ৩০ মিনিট পর্যন্ত যথাক্রমে ১, ১৩, ৫, ৪ এবং ৬ থেকে ১১ নং ভোট গ্রহণ কেন্দ্রের ভোটারদের, দুর্গাচৌমুহনী বিপনী বিতান ও শিশু বিহার এইচ এস স্কুলে দুপুর ১টা থেকে বিকেল ৫টা পর্যন্ত ৪৫ থেকে ৪৭ নং ভোট গ্রহণ কেন্দ্রের ভোটারদের সচেতনতামূলক প্রশিক্ষণ দেয়া হবে।

১৩ ডিসেম্বর ৯-বনমালীপুর বিধানসভা নির্বাচনী ক্ষেত্রের বয়েজ বোধজৎ এইচ এস স্কুল ও পূর্বাশা সংলগ্ন রামঠাকুর আশ্রমে সকাল ১০টা ৩০মিনিট থেকে দুপুর ১২টা ৩০ মিনিট পর্যন্ত ১ থেকে ১৬ নং ভোট গ্রহণ কেন্দ্রের ভোটারদের, দুপুর ১টা থেকে বিকেল ৫টা পর্যন্ত কামিনী কুমার এইচ এস স্কুলে ১৭ থেকে ৩১ নং ভোট গ্রহণ কেন্দ্রের ভোটারদের সচেতনতামূলক প্রশিক্ষণ দেয়া হবে।

১৪ ডিসেম্বর ৪-বড়জলা (এস সি) বিধানসভা নির্বাচনী ক্ষেত্রের বড়জলা বাজার ও নূতননগর বাজারে সকাল ১০টা ৩০ মিনিট থেকে দুপুর ১২টা ৩০ মিনিট পর্যন্ত যথাক্রমে ২৯ থেকে ৩৫ এবং ৩৮, ৯ থেকে ১১ ও ১৬, ১৭ নং ভোটগ্রহণ কেন্দ্রের ভোটারদের ,দুপুর ১টা থেকে বিকেল ৫টা পর্যন্ত উষা বাজার ও চানমারী রাবার বোর্ড-এ ৬, ৭, ৮, ১৮, ১৯ এবং ৪৪ থেকে ৪৮ নং ভোটগ্রহণ কেন্দ্রের ভোটারদের সচেতনতামূলক প্রশিক্ষণ দেয়া হবে।

২য় পাতায়

\*\*\*\*(২)\*\*\*\*

১৫ ডিসেম্বর ৬- আগরতলা বিধানসভা নির্বাচনী ক্ষেত্রের ইন্দ্রনগর এস বি স্কুল ও অভয় নগর এইচ এস স্কুলে সকাল ১০ টা ৩০ মিনিট থেকে ১ থেকে দুপুর ১২টা ৩০ মিনিট পর্যন্ত ৪ এবং ৮ থেকে ১১ নং ভোটগ্রহণ কেন্দ্রের, নন্দনগর এইচ এস স্কুল ও চন্দ্রপুর এইচ এস স্কুলে দুপুর ১টা থেকে বিকেল ৫ পর্যন্ত ২৩ থেকে ২৬, ৪৩ থেকে ৪৮, ৫৩, ৫৪, ৩৬, ৫১ এবং ৫২ নং ভোট গ্রহণ কেন্দ্রে ভোটারদের ই ভি এম এবং ভিভিপ্যাট ব্যবহার নিয়ে প্রশিক্ষণ দেয়া হবে।

১৬ ডিসেম্বর ১৪-বাধারঘাট(এস সি) বিধানসভা নির্বাচনী ক্ষেত্রের ত্রিবেণী সংঘ ও আনন্দ বিদ্যা নিকেতনে সকাল ১০টা ৩০ মিনিট থেকে দুপুর ১২টা ৩০ মিনিট পর্যন্ত ১১, ১২, ১৭, ৭০, ২২, ২৪, ৩৮, ৩৫, ৪০, এবং ১ থেকে ৬ ও ৩৩ নং ভোট গ্রহণ কেন্দ্রের ভোটারদের এবং সিদ্ধি আশ্রমে দুপুর ১টা থেকে বিকেল ৫টা পর্যন্ত ১৩ থেকে ১৫, ৪২ থেকে ৪৬ এবং ৫৬ থেকে ৫৯ নং ভোট গ্রহণ কেন্দ্রের ভোটারদের সংশ্লিষ্ট বিষয়ে প্রশিক্ষণ দেয়া হবে।

১৮ ডিসেম্বর ই ভি এম ও ভিভিপ্যাট ব্যবহার নিয়ে প্রশিক্ষণ দেয়া হবে ১৩-প্রতাপগড়(এস সি) বিধানসভা নির্বাচনী ক্ষেত্রের বিদ্যাসাগর বাজারে, এ এম সি-র ৪১ নং ওয়ার্ড কার্যালয়ে এবং প্রিয়লাল অঙ্গনওয়াড়ী কেন্দ্রে সকাল ১০টা ৩০ মিনিট থেকে দুপুর ১২টা ৩০ মিনিট পর্যন্ত ২১, ৩০ থেকে ৩৭, ৪৩ থেকে ৪৫ এবং ১ থেকে ৭ নং ভোট গ্রহণ কেন্দ্রের ভোটারদের এবং সমর স্মৃতি ভবনে দুপুর ১টা থেকে বিকেল ৫টা পর্যন্ত ১৮, ১৯ এবং ৫১ থেকে ৬১ নং ভোট গ্রহণ কেন্দ্রের ভোটারদের প্রশিক্ষণ দেয়া হবে।

১৯ ডিসেম্বর ১৮-সূর্যমণি নগর বিধানসভা নির্বাচনী ক্ষেত্রের হাসপাতাল চৌমুহনী আনন্দ নগরে সকাল ১০টা ৩০ মিনিট থেকে বিকেল ৫টা পর্যন্ত ২১ থেকে ২৩, ২৬ থেকে ২৯ এবং ৩৫ থেকে ৩৮ নং ভোট গ্রহণ কেন্দ্রের ভোটারদের, আমতলী বাজার ও মহেশখলা বাজারে দুপুর ১টা থেকে বিকেল ৫টা পর্যন্ত ৪৩ থেকে ৪৫ এবং ৪৮, ১১ থেকে ১৪ ও ১৭ নং ভোট গ্রহণ কেন্দ্রের ভোটারদের ই ভি এম ও ভিভিপ্যাট ব্যবহার সম্পর্কিত বিষয়ে সচেতনতামূলক প্রশিক্ষণ দেয়া হবে। সদর মহকুমা নির্বাচন নিবন্ধন আধিকারিকের কার্যালয় থেকে এই সংবাদ জানানো হয়েছে।

\*\*\*\*